সমকাল

18 OCT 2017

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ৩টি আঞ্চলিক কেন্দ্র অনুমোদনে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিনটি আঞ্চলিক কেন্দ্র 'জাতীয় অর্থনৈতিক পরিষদের' (একনেক) সভায় অনুমোদন হওয়ায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের পরিকল্পনা কমিশনের একনেক সভাকক্ষে অনুষ্ঠিত সভায় বরিশাল, রংপুর ও চট্টগ্রাম– এ তিনটি বিভাগীয় শহরে ভূমি অধিগ্রহণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিনটি স্থায়ী আঞ্চলিক কেন্দ্র নির্মাণের জন্য ১১৯ কোটি দুই লাখ টাকার একটি প্রকল্প অনুমোদিত হয়। প্রতিটি কেন্দ্রে এক একর জমিতে ৫০ হাজার বর্গফুটের ১০তলা ভবন নির্মিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়কে গতিশীল করতে ও শিক্ষার সার্বিক উন্নয়নে অনুমোদিত এ প্রকল্প বিশেষ ভূমিকা রাখবে। একনেকে প্রকল্পটি অনুমোদিত হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য একনেক সভাপতি হারুণ-অর-রশিদ প্রধানমন্ত্রীর প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।